দৈনিক সংবাদ

তারিখ 10 FEB 1990
পৃষ্ঠা ৭ কঃ ৭

## ইডেন কলেজের সমস্যা জর্জরিত ভূগোল বিভাগ

আমরা ইডেন কলেজের ভূগোল (সম্মান) ২য় বর্ষ-এর ছাত্রী। আমাদের বিভাগে মাত্র চারজন শিক্ষিকা যা প্রয়োজনের তুলনায় অত্যন্ত কম। গত দুবছরে আমাদের সিলেবাসের অন্তর্গত কিছুই পড়ানো হয়নি এমনকি আমরা জানিও না আমাদের সঠিক সিলেবাস কি। পাঠাগারেও প্রয়োজনীয় বই নেই। এই সমস্ত ব্যাপারে অধ্যক্ষের দৃষ্টি আকর্ষণ করেও কোন ফল পাওয়া যায়নি। এমতাবস্থায় আমাদের পক্ষে অনার্স পাওয়াতো দূরের কথা পাস করাই অসম্ভব। অতএব, আমাদের প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক নিয়োগ করে যথাযথ পড়াশোনার ব্যবস্থা নেওয়া হোক। এ ব্যাপারে অধ্যক্ষা, ডাইরেক্টর জেনারেল, পাবলিক ইনষ্ট্রাকশন, শিক্ষা সচিব এবং শিক্ষা মন্ত্রীর আশু দৃষ্টি আকর্ষণ করছি।

ইডেন কলেজের ভূগোল (সম্মান)
২য় বর্ষের ছাত্রীদের পক্ষে
আফরোজা বানু।